# ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ সচিবালয়

**রপ্তানি উন্নয়ন ব্যুরো**

টিসিবি ভবন, ১, কাওরান বাজার ঢাকা-১২১৫

www.epb.gov.bd

Facebook: Dhaka International Trade Fair-EPB

| দরপত্র দাতার সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ কপি সত্যায়িত ছবি |
|---|

বিষয়ঃ ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ প্রাঙ্গণে অভ্যন্তরীণ প্রচারণার লক্ষ্যে অডিও ভিজুয়্যাল **কার্যক্রমের ইজারা সংক্রান্ত দরপত্র শিডিউল (প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত কাজের ক্রমিক নং-০২ দ্রষ্টব্য)।**

| | | |
|---|---|---|
| ১। | দরপত্র আহবানের উদ্দেশ্য : | ঢাকার শের-ই-বাংলা নগরে অবস্থিত বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পশ্চিম পার্শ্বস্থ জায়গায় আগামী **০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ সময়ে** অনুষ্ঠেয় ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ প্রাঙ্গণের অভ্যন্তরীণ প্রচারণার লক্ষ্যে অডিও ভিজুয়্যাল কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনাকরণ। |
| ২। | কাজের নামঃ | ডিআইটিএফ-২০১৮ এর অভ্যন্তরীণ প্রচারণার লক্ষ্যে অডিও ভিজুয়্যাল কার্যক্রমের ইজারা (ভিজুয়্যাল বক্স এবং সাউন্ড বক্সের মাধ্যমে)। |
| ৩। | সর্বনিম্ন মূল্য (**Floor Rate**): | **টাঃ ৪৬,০০,০০০/- (টাকা ছিচল্লিশ লক্ষ)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) |
| ৪। | দরপত্র প্রসেসিং ফি (ভ্যাট ট্যাক্সসহ) : | টাঃ ৫,০০০/- (টাকা পাঁচ হাজার) মাত্র (অফেরতযোগ্য)। **''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল''** শিরোনামে ব্র্যাক ব্যাংক লিঃ, নির্ধারিত একাউন্টে যে কোন শাখায় জমা দিয়ে ডিপোজিট স্লিপের কপিসহ দরপত্রের/আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে (অনলাইন আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে)। অন্যথায় আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। |
| ৫। | দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়ঃ | **২৩/১০/২০১৮ খ্রিঃ তারিখ দুপুর ০২.০০ টা পর্যন্ত।** |
| ৬। | দরপত্র দাখিলের স্থানসমূহঃ | **(ক)** অর্থ ও হিসাব শাখা, রপ্তানি উন্নয়ন ব্যুরো (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা), **(খ)** অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), ঢাকা-এর অফিস কক্ষ (১ম ১২ তলা সরকারি ভবন, তৃতীয় তলা, কক্ষ নং-৩০৩, সেগুন বাগিচা, ঢাকা) এবং **(গ)** বাণিজ্য মন্ত্রণালয়, ভবন নং-৩, কক্ষ নং-১২৬-গ, দ্বিতীয় তলা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) এ রক্ষিত টেন্ডার বাক্স। এছাড়া ই-মেইলঃ secy@epb.gov.bd এর মাধ্যমে আবেদনপত্র/ দরপত্র দাখিল করা যাবে। |
| ৭। | দরপত্র খোলার তারিখ, সময় ও স্থানঃ | ২৩/১০/২০১৮ খ্রিঃ তারিখ বিকাল ০৪.৩০ টায় রপ্তানি উন্নয়ন ব্যুরোর কনফারেন্স রুম (টিসিবি ভবন, ৫ম তলা, ১, কাওরান বাজার, ঢাকা), (দরপত্র দাতাদের সম্মুখে যদি কেহ উপস্থিত থাকেন)। |
| ৮। | মেলার মেয়াদকালঃ | **০৯ জানুয়ারি থেকে ০৮ ফেব্রুয়ারি, ২০১৯ পর্যন্ত।** |
| ৯। | ইজারা গ্রহণে আগ্রহী দরপত্র দাতা সংস্থা/ প্রতিষ্ঠানের নাম, ঠিকানা, ফোন ও ফ্যাক্স নম্বর : | |

১০। (ক) দরপত্রের সাথে যে সকল কাগজপত্র/ডকুমেন্টস দাখিল করতে হবে

হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট সনদপত্র, ২০১৭-১৮ কর বছরের আয়কর মামলার নিষ্পত্তির সনদপত্র, ব্যাংক স্বচ্ছলতার হালনাগাদ সনদপত্র-এর সত্যায়িত কপি, মেলা তহবিলে সকল অর্থ জমার সমর্থনে (যেমনঃ প্রসেসিং ফি, উদ্ধৃত মূল্য ইত্যাদি) ডিপোজিট স্লিপের কপি, দরপত্রদাতার সদ্য তোলা সত্যায়িত ২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি ও দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য কাগজপত্র।

(খ) দাখিলকৃত কাগজপত্র/ডকুমেন্টস এর তালিকাঃ

১১। পূর্ব অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে তার সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)।

১২। উদ্ধৃত ইজারা মূল্য (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত) (কথায় টাঃ )

(বিঃ দ্রঃ- আলোচ্য কাজের সর্বনিম্ন মূল্য (Floor Rate) হবে **টাঃ ৪৬,০০,০০০/- (টাকা ছিচল্লিশ লক্ষ)** মাত্র (ভ্যাট ও ট্যাক্স ব্যতিত), উক্ত মূল্যের কমে কোন দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১৩। **উদ্ধৃত মূল্য অগ্রিম পরিশোধঃ**

**(উদ্ধৃত মূল্যের (Quoted Value) সমুদয় অর্থ (ভ্যাট, ট্যাক্স, সিটি কর্পোরেশন ট্যাক্স ব্যতীত) দরপত্র দাখিলের পূর্বেই ''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' শিরোনামে ব্র্যাক ব্যাংক, যে কোন শাখায় একাউন্ট নং ১৫০১১০২৪৮৫১০৩০০১ এ জমা করে জমাদানের মূল ডিপোজিট স্লিপ দরপত্রের সাথে দাখিল করতে হবে। অন লাইন আবেদনের ক্ষেত্রে ডিপোজিট স্লিপের স্ক্যান কপি দাখিল করতে হবে** (ডিপোজিট স্লিপ অবশ্যই আবেদনকারী প্রতিষ্ঠান অথবা ফার্মের নামে হতে হবে))।

(ক) অংকে টাঃ-------------------------------------------
কথায় টাঃ-------------------------------------------

(খ) ব্যাংকের নাম ও শাখা --------------------------------

(গ) ব্যাংক ডিপোজিট স্লিপের স্ক্রল নং-----------------------

(ঘ) তারিখঃ -------------------------------------------

**দরদাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহর**

## ১৪। দরদাতা কর্তৃক অবশ্য পালনীয় শর্তাবলীঃ

(১) ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ এর অভ্যন্তরীণ প্রচারণার লক্ষ্যে অডিও ভিজুয়্যাল কার্যক্রম সুষ্ঠু ও সুশৃঙ্খলভাবে পরিচালনা করার লক্ষ্যে আলোচ্য কাজে স্বনামধন্য, প্রতিষ্ঠিত ও রেজিস্টার্ড কোম্পানী কর্তৃক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করতে হবে, তবে অনলাইন আবেদনকে উৎসাহিত করা হবে। অনলাইন আবেদনের ক্ষেত্রে প্রয়োজনীয় সকল কাগজপত্র স্ক্যান করে দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে;

(২) মেলা কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্থানে ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক ''প্রচারণা কেন্দ্র'' স্থাপন করতে হবে। ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠানকে নিজ খরচে প্রচার কেন্দ্র নির্মাণের যাবতীয় ব্যয় ও সজ্জিতকরণের দায়িত্ব বহন করতে হবে;

(৩) আলোচ্য কার্য সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক নিম্নোক্ত নতুন যন্ত্রপাতি নিজ খরচে সরবরাহপূর্বক স্থাপন করতে হবে;

(ক) ১৬"×২৪" বক্সে ১২" স্পীকার (৬০ ওয়াট বিশিষ্ট)।

(খ) সর্বোচ্চ (১৪৪"×১২০") সর্বনিম্ন (৮৪"×৬০") স্ক্রীন স্থাপন= ১০ (দশ)টি।

(গ) প্রতিদিন মেলা কার্যক্রম প্রজেকশন এর জন্য অন-লাইন ভিডিও এডিটিংসহ অন্যান্য যন্ত্রপাতি স্থাপন। বিদ্যুৎ বিভ্রাটের কারণে সীমিত সংখ্যক স্পিকার চালানোর জন্য জেনারেটর বা তাৎক্ষণিক পাওয়ার সরবরাহের ব্যবস্থাকরণ।

(ঘ) উপযুক্ত ও প্রয়োজনীয় সরঞ্জামাদির বিসত্মারিত বিবরণ আলাদাভাবে স্বাক্ষরযুক্ত শিটে দরপত্রের সহিত দাখিল করতে হবে। যন্ত্রপাতি ডিজিটাল ক্যাটাগরীর হতে হবে।

(ঙ) এ কাজের সকল ক্ষেত্রে বক্স স্পিকার ব্যবহার করতে হবে এবং কোন অবস্থাতেই **লাউড স্পিকার বা মাইক ব্যবহার করা যাবে না।** এছাড়া এ কাজে মেলা প্রাঙ্গনে সৌন্দর্যবিহীন ও **অতিরিক্ত বড় আকারের সাউন্ডবক্স ব্যবহার করা যাবে না।** এর ব্যত্যয় হলে কার্যাদেশ বাতিলসহ সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা যাবে।

(৪) মেলা কর্তৃপক্ষর সকল প্রকার প্রচার ও ঘোষণা ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক অবশ্য পালনীয় হিসেবে বিনা মূল্যে এবং তাৎক্ষণিকভাবে প্রচার করতে বাধ্য থাকবেন;

(৫) মেলা চলাকালে সার্বক্ষণিকভাবে নিজ খরচে প্রয়োজনীয় সংখ্যক ইঞ্জিনিয়ার/টেকনিশিয়ান নিয়োজিত রাখতে হবে;

(৬) অডিও ভিজুয়্যাল কার্যক্রমের মাধ্যমে শ্রুতিমধুর যন্ত্রসংগীত/গান পরিবেশনের জন্য নতুন ও উন্নতমানের এবং বিভিন্ন ভাষার (মেলায় অংশগ্রহণকারী দেশের সাথে সংগতিপূর্ণ) ক্যাসেট (জাতীয় সঙ্গীতসহ) সংরক্ষণ করতে হবে। মেলা কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত সঙ্গীত পরিবেশনের ব্যবস্থা করতে হবে। মেলায় আগত দেশি/বিদেশি অংশগ্রহণকারী এবং **মেলায় আগত দর্শকবৃন্দ অডিও ভিজুয়্যাল কাজে যাতে অস্বস্তি ও অসন্তুষ্টি প্রকাশ না করে সেদিকে বিশেষ গুরুত্ব প্রদান করতে হবে।**

(৭) যে কোন নিখোঁজ বা প্রাপ্তির বিজ্ঞপ্তি এবং মেলা কর্তৃপক্ষ কর্তৃক ঘোষণা প্রচারের জন্য সীমিত আকারে কিছু সংখ্যক সাউন্ড বক্স সংরক্ষণের ব্যবস্থা রাখতে হবে। তার জন্য ফি হিসাবে কোন অর্থ আদায় করা যাবে না;

(৮) অডিও ভিজুয়্যাল কার্যক্রম ব্যবস্থাপনায় কোন প্রকার ত্রুটি দেখা দিলে তাৎক্ষণিকভাবে নিজ খরচে তা মেরামত অথবা যন্ত্রপাতি পরিবর্তনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এর জন্য প্রয়োজনবোধে কিছু সংখ্যক অতিরিক্ত স্পীকার এবং সরঞ্জামাদি মওজুদ রাখতে হবে। সকল স্পীকার একই রকম হতে হবে;

(৯) নামাজের সময় হলে আযান প্রচার করতে হবে এবং নামাজের সময় অডিও ভিজুয়্যাল কার্যক্রম/বাণিজ্যিক প্রচার কার্যক্রম সম্পূর্ণরূপে বন্ধ থাকবে;

(১০) ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠানের অনুকূলে মেলা কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক কার্যাদেশ জারীর ৭ (সাত) দিনের মধ্যে উদ্ধৃত মূল্যের [১৫% ভ্যাট বাবদ +৫% কর বাবদ + প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে) সহ **''ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা তহবিল'' (DHAKA INTERNATIONAL TRADE FAIR FUND)''** শিরোনামে ব্র্যাক ব্যাংক যে কোন শাখায়, হিসাব নং-১৫০১১০২৪৮৫১০৩০০১ এ জমা করে উহার ডিপোজিট স্লিপ এর কপি দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। অন্যথায় চূড়ান্তভাবে কার্যাদেশ প্রদান করা হবে না এবং সে ক্ষেত্রে দরপত্রের সাথে জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(১১) ''বাণিজ্যিক কার্যক্রম'' এর আওতাধীন পণ্য প্রচারণার ক্ষেত্রে নিম্নোক্ত হারে ফি আদায় করা যাবে :-

| | |
|---|---|
| - প্রতি স্পট অনুর্ধ্ব ৩০ সেকেন্ড | -টাঃ ২০০/-(টাকা দুইশত) মাত্র । |
| - প্রতি স্পট ৩০ সেকেন্ড থেকে ০১ মিনিট | -টাঃ ২৭০/- (টাকা দুইশত সত্তর) মাত্র। |
| - প্রতি স্পট ০১ মিনিটের অতিরিক্ত (অনুর্ধ্ব ০২ মিনিট) | -টাঃ ৩৫০/- (টাকা তিনশত পঞ্চাশ) মাত্র। |

(১২) নির্ধারিত ফি এর অতিরিক্ত অর্থ আদায়/দাবী করা যাবে না ;

(১৩) মেলায় প্রচারণার ভাষা মার্জিত ও রুচিপূর্ণ হতে হবে। বিতর্ক বা অস্থিরতা সৃষ্টিকারী, সমাজের মূল্যবোধ এবং রাষ্ট্রীয় আইনের পরিপন্থি কোন প্রচারকার্য মেলা প্রাঙ্গনে পরিচালনা করা যাবে না;

(১৪) মেলা প্রাঙ্গণে প্রচার কার্যে ব্যবহৃত বক্স/খুঁটি ইত্যাদিতে কোন প্রকার পণ্যের বিজ্ঞাপন সংযোজন করা যাবে না;

(১৫) মেলার মেয়াদ কাল বর্ধিত করা হলে ইজারা কার্যক্রমে মনোনীত প্রতিষ্ঠান সকল প্রকার করসহ আনুপাতিক হারে অতিরিক্ত ভাড়া পরিশোধপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনা করতে পারবে;

(১৬) ডিআইটিএফ-২০১৯ এর নির্ধারিত সময়ের পর মেলার মেয়াদকাল বৃদ্ধি করা হলে ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠান আনুপাতিক হারে সকল প্রকার করসহ বর্ধিত দিনের জন্য অতিরিক্ত ইজারার অর্থ অগ্রিম পরিশোধপূর্বক বর্ধিত দিনের জন্য মেলায় অংশগ্রহণ করতে পারবেন। সে ক্ষেত্রে পরিশোধযোগ্য অর্থের আনুপাতিক হার হবে = **[উদ্ধৃত মূল্য+১৫% ভ্যাট +৫% কর+ প্রযোজ্য অন্যান্য কর (যদি থাকে)]÷পূর্ব নির্ধারিত দিন x বর্ধিত দিন;**

(১৭) আবহাওয়াজনিত কারণসহ অন্যান্য যে কোন কারণে মেলায় লোকসমাগম কম হলে মেলা কর্তৃপক্ষ দায়ী থাকবে না এবং এজন্য ইজারা মূল্য, ভ্যাট ও আয়করের কোন অংশই ফেরতের আবেদন করার কোন সুযোগ থাকবে না। যে কোন কারণে নির্ধারিত সময়ের পূর্বে মেলা বন্ধ করা হলে ইজারা মূল্যের কোন অংশই ফেরৎ দেয়া হবে না;

(১৮) ইজারাপ্রাপ্ত প্রতিষ্ঠানের বিরুদ্ধে কোন প্রকার অভিযোগ প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে কার্যাদেশ বাতিল করা হবে এবং এ ধরনের ক্ষেত্রে সমুদয় জমাকৃত অর্থ, ইজারা মূল্য, কর, ভ্যাট ইত্যাদি বাবদ প্রদত্ত অর্থ ফেরৎ দেয়া হবে না;

(১৯) মেলা কর্তৃপক্ষ অনুমতিক্রমে যদি কোন প্রতিষ্ঠান মেলার সার্বিক কার্যক্রম লাইভ ওয়েভ কাস্টিং এর মাধ্যমে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করে সে ক্ষেত্রে এ বিষয়ে কোন আপত্তি উত্থাপন করা যাবে না;

(২০) ইতোপূর্বে ইপিবি ও ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার কোন কাজে অযোগ্য ঘোষিত হয়ে থাকলে অথবা অভিযোগ আছে - এমন সংস্থা/প্রতিষ্ঠানের দরপত্র গ্রহণযোগ্য হবে না ;

(২১) প্রচারণা কার্যক্রম স্পর্শকাতর বিধায় ইজারাপ্রাপ্ত সংস্থা/প্রতিষ্ঠানকে মেলা কর্তৃপক্ষর সাথে এতদসংক্রান্ত শর্তাবলী সম্বলিত ৩০০/- (টাকা তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে একটি চুক্তিতে আবদ্ধ হতে হবে ;

(২২) মেলা কর্তৃপক্ষ কর্তৃক সময়ে সময়ে জারীকৃত আদেশ/নির্দেশনা দরদাতা/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে।

(২৩) অনিবার্য কোন কারণে (যেমনঃ প্রাকৃতিক দৈব দূর্বিপাক, সরকারি সিদ্ধামন্ত, হরতাল, মহামারী অথবা রাজনৈতিক অস্থিরতা) মেলা স্থগিত বা বন্ধ ঘোষণা করা হলে ডিআইটিএফ-২০১৯ তহবিলে দরদাতার জমাকৃত কোন অর্থ ফেরৎ প্রদান, পূর্ণভরণ বা সমন্বয় করা যাবেনা;

(২৪) ডিআইটিএফ-২০১৯ এর ইজারা প্রাপ্ত প্রতিষ্ঠান কোনক্রমেই ইজারা কার্যক্রম অন্যের নিকট হস্তান্তর বা Power of Attorney প্রদানপূর্বক ইজারা কার্যক্রম পরিচালনার ক্ষমতা/দায়িত্ব প্রদান করতে পারবে না। এ ধরণের কোন কার্যক্রম প্রদান করা হলে কার্যাদেশ/ইজারা চুক্তিনামা বাতিল বলে গণ্য হবে এবং সমুদয় জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে;

(২৫) দরপত্রের বিজ্ঞপ্তি ও দরপত্রের শিডিউলে বর্ণিত কোন শর্ত ভঙ্গ করলে জরিমানা আরোপ, ভবিষ্যতে অনুষ্ঠিতব্য মেলায় অংশগ্রহনের জন্য অযোগ্য ঘোষণা, কালো তালিকাভুক্তসহ অন্যান্য শাস্তিমূলক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।

(২৬) অডিও ভিজ্যুয়াল কার্যক্রমে **উচ্চ মাত্রার শব্দের মাধ্যমে অথবা অন্য কোনভাবে মেলা প্রাঙ্গণে শব্দ দুষণ ও সৌন্দর্য হানি করা যাবে না। সহনীয় মাত্রার চেয়ে উচ্চ শব্দ সৃষ্টি করলে আইনানুগ ব্যবস্থ গ্রহণ করা হবে।**

(২৭) পূর্ববর্তী মেলা বা মেলাসমূহে অংশগ্রহনকারী কোন প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট মেলা কর্তৃপক্ষ কোন অর্থ পাওনা থাকলে উক্ত প্রতিষ্ঠান/ব্যক্তি অথবা উক্ত প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী অথবা তার মালিকানাধীন সকল প্রতিষ্ঠান ডিআইটিএফ-২০১৯ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহন করতে পারবে না এবং এরূপ প্রতিষ্ঠান/ব্যক্তি বা প্রতিষ্ঠান সমূহের নামে মেলার এ কাজ বরাদ্দ করা হবে না।

(২৮) প্রয়োজন হলে মেলা কর্তৃপক্ষ ডিআইটিএফ এর এ কাজ ঠিকাদারী প্রতিষ্ঠান ব্যতিত অন্য কোন সংস্থা/প্রতিষ্ঠান বা অন্য কোন কর্তৃপক্ষ বা বিভাগের মাধ্যমে অথবা অন্য কোন উপায়ে সম্পাদন করাতে পারবেন।

(২৯) মেলার যে কোন কাজের বা যে কোন বরাদ্দের মোট ফ্লোর মূল্য বা মোট বরাদ্দমূল্য ৩১(একত্রিশ) দিনের জন্য প্রযোজ্য বলে গণ্য করতে হবে।

(৩০) এ কাজের বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারী অথবা স্বত্বাধিকারী মেলা কর্তৃপক্ষর সাথে কোন অসৌজন্যমূলক আচরণ করলে ব্যুরোর ভাইস চেয়ারম্যান তাদের বিরুদ্ধে মামলা দায়ের/আইনানুগ ব্যবস্থাসহ সে সকল প্রতিষ্ঠানকে ডিআইটিএফ এ অংশ গ্রহনের অযোগ্য ঘোষণা করতে পারবেন।

(৩১) এ কাজ বরাদ্দের জন্য নির্বাচিত কোন প্রতিষ্ঠান বরাদ্দপ্রাপ্ত কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পাদন করতে ব্যর্থ হলে অথবা সম্পাদন করতে অপারগতা প্রকাশ করলে অথবা সম্পাদন না করলে অথবা দরপত্র বিজ্ঞপ্তি/শিডিউল/কার্যাদেশ/বরাদ্দপত্রে উল্লিখিত কোন শর্ত ভংগ করলে উক্ত প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলায় উহার সকল প্রকার কার্যক্রম তাৎক্ষণিকভাবে বন্ধ করা যাবে এবং রয়্যালটি, ভাড়া, ভ্যাট, আয়কর প্রভৃতি বাবদ মেলা তহবিলে উহার জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত হবে। এছাড়া এ সকল ক্ষেত্রে পরবর্তী সর্বোচ্চ দরদাতা প্রতিষ্ঠান এর অনুকূলে সংশ্লিষ্ট কাজের কার্যাদেশ/বরাদ্দ দেয়া যাবে।

(৩২) এ কাজের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত বা প্রাথমিকভাবে বরাদ্দপ্রাপ্ত কোন প্রতিষ্ঠান দরপত্র বিজ্ঞপ্তি/প্রাথমিক কার্যাদেশ/প্রাথমিক বরাদ্দপত্রের শর্ত মোতাবেক প্রযোজ্য সম্পূর্ণ অর্থ মেলা তহবিলে জমা না করলে তাদের অনুকূলে সংশ্লিষ্ট কাজের চূড়ান্ত কার্যাদেশ বা চূড়ামন্ত বরাদ্দপত্র দেয়া হবে না। এ ক্ষেত্রে তাদের নামে ইস্যুকৃত প্রাথমিক কার্যাদেশ/বরাদ্দপত্র বাতিল করে মেলা তহবিলে উহাদের জমাকৃত সমুদয় অর্থ বাজেয়াপ্ত করে তাদের বিরুদ্ধে অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহন করা যাবে।

(৩৩) মেলা কর্তৃপক্ষ যুক্তিযুক্ত ও প্রয়োজন মনে করলে মেলা মাঠের মাস্টার প্ল্যান যে কোন সময় পরিবর্তন/সংশোধন করতে পারবে।

(৩৪) ডিআইটিএফ এর দরপত্র কার্যক্রমে অংশগ্রহণ এবং কাজের বরাদ্দ বাবদ মেলা তহবিলে জমাযোগ্য সকল অর্থ www.epb.gov.bd ওয়েবসাইট থেকে ডিপোজিট সিল্পের নির্ধারিত ফরম প্রিন্ট করে তা পূরণপূর্বক উহার মাধ্যমে ব্র্যাক ব্যাংকের যে কোন শাখায় জমা করতে হবে। অন্যথায় মেলা তহবিলে অর্থ জমার দাবী গ্রহণযোগ্য হিসাবে গণ্য করা হবে না।

(৩৫) মেলায় অংশ গ্রহণের উদ্দেশ্যে মেলা তহবিলে অর্থ জমার সমর্থনে ব্যাংক থেকে প্রদত্ত/প্রাপ্ত ডিপোজিট স্লিপে আবেদনকারী প্রতিষ্ঠানের নাম উল্লেখ না থাকলে তা গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না।

(৩৬) **হার্ডকপির মাধ্যমে দাখিলকৃত** প্রতিটি দরপত্রের খামের উপর দরপত্র বিজ্ঞপ্তিতে **উল্লিখিত কাজের ক্রমিক নম্বরসহ সংশ্লিষ্ট কাজের নাম উল্লেখ/লিপিবদ্ধ করতে হবে।**

(৩৭) উপরে উল্লিখিত শর্তাবলী ছাড়া পত্রিকায় প্রকাশিত দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য শর্তাবলী প্রযোজ্যতা মোতাবেক দরপত্র দাখিলকারী/কার্যাদেশপ্রাপ্ত প্রতিষ্ঠানকে পরিপালন/অনুসরণ করতে হবে।

(৩৮) অত্র শিডিউলের প্রতি পৃষ্ঠায় দরদাতা প্রতিষ্ঠানের সীলমোহর ও স্বত্বাধিকারী/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত হতে হবে ;

(৩৯) অসম্পূর্ণ দরপত্র বা আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

(৪০) ডিআইটিএফ-২০১৯ কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল অথবা সকল দরপত্র বাতিলের পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করে।

১৫। **দরদাতার স্বাক্ষর, তারিখ ও সীলমোহরঃ**

আবু হেনা মোরশেদ জামান
(যুগ্ম সচিব)
সচিব, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
ও
**পরিচালক**
২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা (ডিআইটিএফ)-২০১৯ সচিবালয়
১, কাওরান বাজার, টিসিবি ভবন (৫ম তলা), ঢাকা-১২১৫
ফোনঃ ০২-৫৫০১৩৪২০, PABX ০২-৯১৪৪৮২২-২৪, ৮১৮০০৮৪, ৮১৮০০৮৭, ৮১৮০০৯০, এক্সটেনশন নং-১১৪, ফ্যাক্সঃ ৮৮০-২-৯১১৯৫৩১,
ওয়েবসাইটঃ www.epb.gov.bd , ই-মেইলঃ secy@epb.gov.bd, Facebook: Dhaka International Trade Fair-EPB

**বিঃ দ্রঃ প্রয়োজনবোধে স্বাক্ষরযুক্ত অতিরিক্ত কাগজ ব্যবহার করা যাবে। প্রতিটি মূল্য অংকে এবং কথায় লিখতে হবে।**